'শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা'

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত "কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" কর্মসূচির আওতায় ২০২১ - ২০২২ অর্থ বছরে সাতক্ষীরা পৌরসভায় ৯ (নয়)টি ওয়ার্ডে জুলাই ২০২১ খ্রি. হতে জুন ২০২৪ খ্রি. পর্যন্ত ৩ (তিন) বছর মেয়াদের জন্য ৭০০ (সাত শত) জন উপকারভোগী নির্বাচন করা হবে। আগ্রহী প্রার্থীগণকে নিম্নলিখিত তারিখ ও সময়ে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্র সহ উপস্থিত হয়ে সাতক্ষীরা পৌরসভা হতে আবেদন ফরম সংগ্রহ ও জমা করা যাবে।

আবেদনপত্র সংগ্রহের শুরুর তারিখ ঃ ১৬ আগষ্ট ২০২১ খ্রি. সময়ঃ সকাল ৯.৩০ মি. হতে বিকাল ৪.৩০ মিনিট
আবেদনপত্র জমা দেওয়া বা গ্রহণের শেষ তারিখঃ ৩১ আগষ্ট ২০২১ খ্রি.,সময়- বিকাল ৪.৩০ মিনিট পর্যন্ত

বিঃ দ্রঃ নির্দিষ্ট সময়ের পরে কোন প্রকার আবেদনপত্র গ্রহণ করা হবে না।

## শর্তাবলীঃ

১) অফিস কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
২) ভাতাভোগীর আইডি কার্ড থাকা বাধ্যতামূলক।
৩) ৩০-০৬- ২০২১ খ্রি.(০১-০৬-২০০১) তারিখের মধ্যে উপকারভোগীর বয়স ২০ হতে ৩৫ (০১-০৯-১৯৮৬) বৎসর হতে হবে।
৪) ৩০-০৬- ২০২১ খ্রি. তারিখে ০৬ মাসের গর্ভবতী অথবা সর্বোচ্চ ২৪ (চব্বিশ) মাসের দুগ্ধপায়ী সন্তান থাকতে হবে।
৫) ভাতাভোগীর নিজ সচল মোবাইল নম্বর থাকা বাধ্যতামূলক।
৬) সাতক্ষীরা পৌরসভার স্থায়ী বাসিন্দা অর্থ্যাৎ ভোটার হতে হবে।
৭) কোন মায়ের একাধিক বিবাহ হলেও শুধুমাত্র ১ম/২য় গর্ভধারণকাল এ ভাতা পাওয়ার যোগ্য হবে।
৮) দরিদ্র গর্ভবর্তী /দুগ্ধপায়ী মা ভাতা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।
৯) প্রত্যেক উপকারভোগীর নিজ পছন্দের অনলাইন ব্যাংক হিসাব নম্বর থাকতে হবে।

## যা সংযুক্ত করতে হবেঃ

- ভাতাভোগীর পার্সপোট সাইজের সত্যায়িত ছবি ০৩ ((তিন) কপি।
- জাতীয়পরিচয়পত্রের সত্যায়িত কপি ০২ (দুই) কপি।
- ভাতাভোগীর স্বামী/নমিনীর আইডি কার্ড এবং ছবি ০২ (দুই) কপি ।
- গর্ভধারণের স্বপক্ষে যেকোন সরকারী হাসপাতাল বা নগর স্বাস্থ্য কেন্দ্র কর্তৃক নামের সিলযুক্ত সনদপত্র ০১ (এক) কপি।
- দুগ্ধপায়ী শিশুর ক্ষেত্রে জন্ম নিবন্ধনের সত্যায়িত ০১ (এক) কপি।
- শিশুর টিকা কার্ডের সত্যায়িত ০১ (এক) কপি।

উপকারাভোগী নির্বাচনের সকল ক্ষেত্রে কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হইবে।

প্রচারে-
জেলা প্রশাসন
সাতক্ষীরা।

Mamun:: Lactating Nitemala___Pourosova__2021.docx